# মাদারীপুর জেলাধীন সদর উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির কার্যবিবরণী:

সভাপতি ঃ মোসাঃ নারগিস আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।
তারিখ ঃ ২১-৩-২০২২ খ্রি:
সময় ঃ দুপুর ১২:০০ হতে দুপুর ০১:১৫ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | কমিটির নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তয়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভা | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে ২০২২ শিক্ষাবর্ষে শিক্ষকগণ নিরাপদ দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে শিশুদের পাঠদান নিশ্চিত করবেন। নগদের মাধ্যমে উপবৃত্তি প্রদান ও ভর্তির জন্য শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সনদ জরুরী। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ যেন শিশুর অভিভাবককে জন্ম নিবন্ধনের সনদ প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। কোভিড-১৯ টিকা অত্র দপ্তরের সকল কর্মকর্তা নিয়েছেন। শিক্ষকদের মধ্যে প্রায় ৬৫০ জন নিয়েছেন। এখনও টিকা নেওয়ার কার্যক্রম চলমান রয়েছে। তবে মাতৃত্ব জনিত কারণে অনেক শিক্ষিকা টিকা নেওয়া থেকে বিরত রয়েছেন। নিয়মিত উদ্বুদ্ধকরণসহ টিকা নেওয়ার হার মনিটরিং করা হচ্ছে।<br><br>ইউজিডিপি প্রকল্প হতে বিদ্যালয় গুলোর শ্রেণিকক্ষে বেঞ্চ সরবরাহ করা হলে শিশুরা শিক্ষার সুবিধা পেত। এ জন্য সকল বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ করা জুরুরী।<br><br>ইএফটির মাধ্যমে ৮৭৪ জন শিক্ষকদের ফেব্রুয়ারী মাসের বেতন ভাতা প্রদান করা হয়েছে। এনআইডি সংক্রান্ত জটিলতার কারণে ৪৯ জনের ম্যানুয়ালী ফেব্রুয়ারী মাসের বেতন দেওয়া হবে । করোনা কালীন সময়েও বিভিন্ন কার্যক্রমে বিদ্যালয়ের মনিটরিং ব্যবস্থা চালু আছে। বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যবিষয়ক কর্ণার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারীপুর সদর |

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ নারগিস আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক সংক্রান্ত স্থায়ী কমিটি
সদর, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাদারীপুর।

# মাদারীপুর জেলাধীন সদর উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির কার্যবিবরণী:

সভাপতি ঃ মোসাঃ নারগিস আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।
তারিখ ঃ ২৫-৫-২০২২ খ্রিঃ
সময় ঃ দুপুর ১২:০০ হতে দুপুর ০১:১৫ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | কমিটির নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তয়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভা | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে গুগল মিটের মাধ্যমে ক্লাস পরিচালনার নির্দেশনা পাওয়া গেছে। এছাড়াও অন্তর্বর্তীকালীন পাঠ-পরিকল্পনা অনুযায়ী শিশুদের বাড়ি বাড়ি গিয়ে শিশুদের পাঠদান ও বাড়ির কাজ শিশুদের হাতে হাতে পৌছে দেয়া। শিশুরা বাড়ির কাজ সম্পন্ন করলে শিক্ষকগণ নিয়ে এসে মূল্যায়ন করতঃ শিক্ষার্থীর ফাইলে সংরক্ষণ করছেন। ০৮ (আট) সপ্তাহের বাড়ির কাজ শিক্ষার্থীদের মাঝে বিতরন চলছে। আজ ৪র্থ সপ্তাহের কাজ শেষ হবে এবং ৫ম সপ্তাহের কাজ ১২/০৬/২০২২ হতে ১৬/০৬/২০২২ খ্রিঃ পর্যন্ত চলবে। এ বছরের মাইনর ও ক্ষুদ্র মেরামতের কোন বরাদ্দ পাওয়া যায় নাই। শুধু নিয়মিত বরাদের মধ্যে রুটিন মেইনটেন্যান্স (১৩৫টি বিদ্যালয়), স্লিপ (১৮৮টি বিদ্যালয়) ও ওয়াশব্লক (১২টি বিদ্যালয়) মেরামতের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারীপুর সদর |

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৫/২২

(মোসাঃ নারগিস আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক সংক্রান্ত স্থায়ী কমিটি
সদর, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাদারীপুর।